

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ডবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ০৬ মার্চ, ২০২৪ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ০৬/০৩/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ বুধবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের উপপরিচালক ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব এ এইচ এম আসিফ বিন ইকরাম এর নেতৃত্বে "নিউ স্টার হোটেল এন্ড চাইনিজ" এবং "বিসমিল্লাহ হোটেল" সান্তাহার স্টেশন রোড (সান্তাহার জংশনের সামনে), আদমদীঘি, বগুড়ায় মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয়।

উক্ত প্রতিষ্ঠান দুটি পরিদর্শনকালে অত্যন্ত নোংরা ও অপরিষ্কার অবস্থায় খাবার প্রস্তুতি, সংরক্ষণ ও পরিবেশন করতে দেখা যায়। রান্নাঘর অত্যন্ত নোংরা ও অস্বাস্থ্যকর, পোকামাকড় ও কীটপতঙ্গ প্রবেশ রোধের ব্যবস্থা নেই। খাদ্যে পোকার উপস্থিতি, পোড়া ও ময়লা তেলের ব্যবহার, খাদ্য লবনের পরিবর্তে ইন্ডাস্ট্রিয়াল লবন ব্যবহার করতে দেখা যায়। এসময় আনুমানিক ৫০ কেজি লবন, ১৫ লিটার পোড়া ও ময়লা তেল, ২০ কেজি পঁচা ও নষ্ট মিষ্টি জব্দ করা হয়। প্রতিষ্ঠান দুটি দই মিষ্টি কারখানা পরিচালনা ও উৎপাদন করলেও বিএসটিআই কর্তৃক প্রদত্ত কোনো মান সনদ গ্রহণ করেনি বা কোনও লাইসেন্স/সনদ প্রদর্শন করতে পারেনি।

এসকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ অনুযায়ী উক্ত প্রতিষ্ঠান দুটিকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা করে মোট ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা অর্থদণ্ড আরোপ ও তাৎক্ষণিক আদায় করা হয়।

এসময় "নিউ স্টার হোটেল এন্ড চাইনিজ" এবং "বিসমিল্লাহ হোটেল" সান্তাহার স্টেশন রোড(সান্তাহার জংশনের সামনে), আদমদীঘি, বগুড়াকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়

এছাড়াও "নিউ স্টার হোটেল এন্ড চাইনিজ" এবং "বিসমিল্লাহ হোটেল" সান্তাহার স্টেশন রোড(সান্তাহার জংশনের সামনে), আদমদীঘি, বগুড়া নিরাপদ খাদ্য আইন ২০১৩ এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ প্রদত্ত নির্দেশনা আগামী ০৭ (সাত) দিনের মধ্যে প্রতিপালন করবে মর্মে মুচলেকা প্রদান করেন।

অভিযানকালে জনাব মো: রাসেল, জেলা নিরাপদ খাদ্য অফিসার, বগুড়া; জনাব রামচন্দ্র সাহা, জেলা নিরাপদ খাদ্য পরিদর্শক, বগুড়া; জনাব মোঃ শাহ আলী খান, নিরাপদ খাদ্য পরিদর্শক, বগুড়া সদর পৌরসভা ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ উপস্থিত ছিলেন। এসময় নিরাপত্তার দায়িত্বে ছিলেন র্যাব বগুড়ার চৌকস টিম।

(মোঃ আখতার মামুন)
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd
ফোনঃ ০২-২২২২২২৩৬০১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।